জগন্নাথ বিশ্ববিদ্যালয়

স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষঃ ২০১৭-২০১৮

http://admission.jnu.ac.bd

http://admissionjnu.info

Desktop:/2016-17 Admission Doc/Resolution-2016-17/B.N.

ভর্তি বিজ্ঞপ্তি
জগন্নাথ বিশ্ববিদ্যালয়

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

১. জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ০৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির জন্য নিম্নোক্ত যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে **(http://admission.jnu.ac.bd** অথবা **http://admissionjnu.info)** আবেদন আহ্বান করছে। **০৮/০৮/২০১৭ তারিখ দুপুর ১২.০০টা থেকে ৩১/০৮/২০১৭ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত আবেদন করা যাবে।**

২. **আবেদন করার যোগ্যতা :**

ক) যে সকল শিক্ষার্থী ২০১৪ বা ২০১৫ সালে এসএসসি/সমমান এবং ২০১৭ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তারা আবেদন করতে পারবে।

খ)

ইউনিট	যে শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে	ন্যূনতম যোগ্যতা
A	বিজ্ঞান	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮.৫ থাকতে হবে।
B	মানবিক	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.৫ এর নীচে নয়।
C	বাণিজ্য	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৮.৫ থাকতে হবে।
D	সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে	i. সংশ্লিষ্ট ইউনিটের (উপরে উল্লেখিত A,B,C ইউনিট) যোগ্যতা একই থাকবে । ii. এইচএসসি/সমমানের পরীক্ষায় বাংলা এবং ইংরেজিতে ন্যূনতম **A- (এ মাইনাস)** থাকতে হবে।
E	সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে। শর্ত পূরণ সাপেক্ষে প্রাক-বিএফএ সার্টিফিকেটধারী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৭.০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৩.০ এর নীচে নয়।

(গ) শর্ত পূরণ সাপেক্ষে একজন শিক্ষার্থী একাধিক ইউনিটে পৃথকভাবে আবেদন করতে পারবে। এইচএসসি/সমমান বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের A ইউনিটে, মানবিক শাখা হতে উত্তীর্ণদের B ইউনিটে এবং ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণদের C ইউনিটে আবেদন করতে হবে।

(ঘ) শাখা পরিবর্তনের জন্য D ইউনিটে আবেদন করতে হবে।

(ঙ) বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের B ও C ইউনিটের অন্তর্ভুক্ত বিষয়সমূহে ভর্তি হতে চাইলে শর্ত পূরণ সাপেক্ষে D ইউনিটে আবেদন করতে হবে।

(চ) মানবিক শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের A ও C ইউনিটের অন্তর্ভুক্ত বিষয়সমূহে ভর্তি হতে চাইলে শর্ত পূরণ সাপেক্ষে D ইউনিটে আবেদন করতে হবে।

(ছ) বাণিজ্য শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের A ও B ইউনিটের অন্তর্ভুক্ত বিষয়সমূহে ভর্তি হতে চাইলে শর্ত পূরণ সাপেক্ষে D ইউনিটে আবেদন করতে হবে।

(জ) সকল ইউনিটের জন্য জিসিই 'ও' লেভেল পরীক্ষায় অন্তত ৩টি বিষয়ে 'সি' গ্রেডসহ ন্যূনতম ৫টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৭ সনের 'এ' লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে 'সি' গ্রেডসহ উত্তীর্ণ।

(ঝ) ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।

৩. <u>অনলাইনে ভর্তির আবেদন করার জন্য আবেদনকারীর করণীয়</u>

ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীকে আবেদনের জন্য নির্ধারিত ওয়েবসাইটে **(http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info)** login করতে হবে। নির্ধারিত ইউনিটে (A, B, C, D ও E) আবেদনের যোগ্য কিনা তা যাচাই করার জন্য ওয়েবসাইটে প্রদর্শিত ওয়েব পেইজে নির্ধারিত তথ্য (এসএসসি ও এইচএসসি পরীক্ষার রোল নম্বর, পাশের সন, শিক্ষা বোর্ড) দিতে হবে। সঠিকভাবে Input দেয়ার পরে Submit বাটন ক্লিক করতে হবে। আবেদনের জন্য যোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে নিজ মোবাইল নম্বরের মাধ্যমে একটি Application ID Number নিতে হবে।

যেমন : Application ID Number হলো XXXXXX.

এসএসসি এবং এইচএসসি পরীক্ষার রোল নম্বর এবং **JnU Admission System** থেকে প্রদানকৃত Application ID Number ব্যবহার করে **JnU Admission** ওয়েবসাইটে **(http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info)** login করতে হবে।

খ) login করার পরে **আবেদনকারীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি যার Background** সাদা **(৩০০x৩০০ পিক্সেল সর্বোচ্চ ১৫০ kb সাইজ, JPG ফরম্যাট) এবং স্বাক্ষর (৩০০x৮০পিক্সেল) Upload করতে হবে।**

গ) কোটায় ভর্তিচ্ছুক আবেদনকারীর কোটাভুক্ত হওয়ার জন্য নির্ধারিত তথ্য Upload করতে হবে, যেমন : মুক্তিযোদ্ধার সন্তান কোটা **(FFQ)**/ মুক্তিযোদ্ধার নাতি-নাতনি কোটা **(FFG)**/ পোষ্য(ওয়ার্ড) কোটা **(WQ)**/উপজাতি কোটা **(TQ)**/ শারীরিক প্রতিবন্ধী কোটা **(PDQ)/** খেলোয়াড় কোটা **(BKSP)** উল্লেখ করতে হবে।

ঘ) **আবেদনকারীকে অগ্রাধিকার ভিত্তিতে বিষয় পছন্দ করতে হবে। ওয়েব পেইজে প্রদর্শিত তালিকার সবগুলো বিষয়কেই অগ্রাধিকার অনুযায়ী পছন্দ করতে হবে। অগ্রাধিকারের ভিত্তিতে বিষয় পছন্দ করা খুবই গুরুত্বপূর্ণ। পরবর্তী সময়ে আবেদনকারীর প্রদত্ত বিষয় পছন্দক্রম কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।**

ঙ) JnU Admission System Application ID Number ব্যবহার করে bKash অথবা SureCash অথবা Rocket মোবাইল ব্যাংকিং-এর যে কোন একটি মাধ্যমে আবেদন ফি বাবদ আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৬০৬/-টাকা দিতে হবে।

আবেদন ফি প্রদানের পদ্ধতি

bKash-এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি	**SureCash-এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি**	**Rocket মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পেমেন্ট করার পদ্ধতি**
বিকাশ একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *247# (ii) Payment এর জন্য **3** press করতে হবে (iii) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের Merchant Account নম্বর 01994555666 এন্টার করতে হবে। (iv) আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৬০৬/-টাকা দিতে হবে। (v) অনলাইন হতে প্রাপ্ত Application ID Number টি রেফারেন্স ফিল্ড এ Input দিতে হবে। (vi) Counter Number এ **1** press করতে হবে (vii) অতঃপর bKash একাউন্ট এর গোপন PIN Number টি এন্টার করতে হবে। এরপর Payment Successful হলে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦**bKash হেল্প লাইন নম্বর 16247**	SureCash একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *257# (ii) Payment এর জন্য **2** press করতে হবে। (iii) Payment keyword এর জন্য **JNU** লিখতে হবে। (iv) অনলাইন হতে প্রাপ্ত Application ID Number দিতে হবে। (v) SureCash একাউন্ট এর চার সংখ্যার গোপন PIN Number Input দিতে হবে (এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর SureCash Account এ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৬০৬/-টাকা ব্যালেন্স থাকতে হবে)। উক্ত প্রক্রিয়া সঠিক হলে একটি Successful মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦**SureCash হেল্প লাইন নম্বর 09606060607** (রবি থেকে বৃহস্পতিবার সকাল ৯:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত)	Rocket মোবাইল ব্যাংকিং একাউন্ট আছে এমন মোবাইল ফোন থেকে পেমেন্ট করার জন্য নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে: (i) Dial *322# (ii) Payment এর জন্য **1** press করতে হবে। (iii) মেসেজ এ **1** press করতে হবে। (iv) Biller ID ফিল্ডে **399** টাইপ করতে হবে। (v) Answer প্রেস করে Bill Number ফিল্ডে Application ID Number দিতে হবে। (vi) Answer প্রেস করে Amount ফিল্ডে আবেদনকারীকে A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য ৫০০/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি সহ ৬০০/-টাকা দিতে হবে। (এক্ষেত্রে অবশ্যই আবেদনকারীর Rocket মোবাইল ব্যাংকিং Account এ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৬০৬/-টাকা ব্যালেন্স থাকতে হবে)। (vii) Answer প্রেস করে Rocket মোবাইল ব্যাংকিং একাউন্ট-এ চার সংখ্যার গোপন PIN Number দিতে হবে। (viii) উক্ত প্রক্রিয়া Successful হলে 16216 নম্বর থেকে একটি Payment Confirmation মেসেজ পাওয়া যাবে যা ভবিষ্যৎ প্রয়োজনে সংরক্ষণ করতে হবে। ♦ Rocket **মোবাইল ব্যাংকিং হেল্প লাইন নম্বর 16216**

♦♦ টাকা জমা দেয়ার পরে JnU Admission System-এর Payment Option-এ গিয়ে Payment Verify বাটনে ক্লিক করে Payment নিশ্চিত করুন JnU Admission System থেকে Payment Status Completed Message দেখাবে।

চ) পুরণকৃত ফরমে যে তথ্য দেয়া হয়েছে তা পুনরায় চেক করতে হবে। মনে রাখতে হবে Final Submit Button-এ Click করার পর পূরণকৃত ফরমের কোন তথ্য পরিবর্তন করা যাবে না। তাই Final Submit Button-এ Click করার আগেই নিশ্চিত হতে হবে যে ফরমটি যথাযথভাবে পূরণ করা হয়েছে। চেক করার পর সকল তথ্য যথাযথ হলে Final Submit Button-এ Click করতে হবে।

ছ) ভর্তি পরীক্ষার জন্য Admit Card ডাউনলোড করতে হবে। Admit Card কখন ডাউনলোড করতে পারবেন তা আপনাকে **SMS/ JnU Website**-এর মাধ্যমে যথাসময়ে জানিয়ে দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে Admit Card অবশ্যই ডাউনলোড করতে হবে।

জ) **Admit Card ডাউনলোড করার সময়সূচী:**

ক্রম.	ইউনিট	তারিখ থেকে	পর্যন্ত
০১	C	০৩/৯/২০১৭	১৩/৯/২০১৭
০২	E	০৩/৯/২০১৭	১৪/৯/২০১৭
০৩	B	১৪/৯/২০১৭	২০/৯/২০১৭
০৪	A	১৪/৯/২০১৭	১১/১০/২০১৭
০৫	D	১৪/৯/২০১৭	১৮/১০/২০১৭

Admit Card-এর দুই কপি (বিশ্ববিদ্যালয়ের কপি এবং শিক্ষার্থীর কপি) প্রিন্ট করতে হবে। Admit Card ব্যতীত ভর্তি পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না। তাছাড়া চূড়ান্তভাবে নির্বাচিত হলে Admit Card ব্যতীত ভর্তি হওয়া যাবে না বিধায় প্রিন্টকৃত Admit Card সযত্নে সংরক্ষণ করতে হবে।

ঝ) বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়(বাউবি), ইংলিশ মিডিয়াম অথবা বিদেশ থেকে এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের **০৮/০৮/২০১৭ থেকে ৩১/০৮/২০১৭** তারিখ অফিস চলাকালীন অগ্রণী ব্যাংক, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখায় ভর্তি পরীক্ষার ফি বাবদ A, B, C ও D ইউনিটের প্রতিটির জন্য সার্ভিস চার্জসহ ৫০৫/-টাকা এবং E ইউনিটের জন্য ব্যবহারিক পরীক্ষার ফি ও সার্ভিস চার্জসহ ৬০৬/-টাকা জমা দিয়ে **সভাপতি, সংশ্লিষ্ট ইউনিট** বরাবরে আবেদন করতে হবে। আবেদনের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, ট্রান্সক্রিপ্ট/গ্রেডশীট, প্রশংসাপত্র এবং সনদপত্রের প্রত্যেকটির একটি করে অনুলিপি জমা দিয়ে সংশ্লিষ্ট ইউনিট সভাপতির নিকট থেকে ম্যানুয়ালি Admit Card সংগ্রহ করতে হবে।

৪. ভর্তি পরীক্ষার আসন বিন্যাস ও ভর্তি পরীক্ষার দিনে পরীক্ষার্থীর করণীয়

ক) সফলভাবে আবেদনকৃত পরীক্ষার্থীদের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে SMS, সংবাদপত্র ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে জানানো হবে। পরীক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্র ও আসনেই পরীক্ষা দিতে হবে।

খ) Admit Card ছাড়া কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। আবেদনকারী পরীক্ষার্থীকে দুই কপি Admit Card (বিশ্ববিদ্যালয়ের কপি এবং পরীক্ষার্থীর কপি) প্রিন্ট করতে হবে এবং দুই কপি Admit Card-ই পরীক্ষার হলে দায়িত্বরত পরিদর্শকের নিকট উপস্থাপন করতে হবে। পরিদর্শক দুই কপিতেই স্বাক্ষর করবেন। এক কপি পরিদর্শকের নিকট জমা দিতে হবে এবং পরিদর্শক কর্তৃক স্বাক্ষরকৃত কপি পরীক্ষার্থী সংরক্ষণ করবে, যা ভর্তির সময় প্রয়োজন হবে।

গ) পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ঘড়ি, ক্যালকুলেটর বা অন্য কোন ইলেকট্রনিক ডিভাইস আনা নিষিদ্ধ। এ ধরনের কোন সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করাসহ পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৫. ভর্তি পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন

ক) A **ইউনিট**

উচ্চ-মাধ্যমিকে পঠিত বিষয়	ভর্তি পরীক্ষায় উত্তর দিতে হবে
পদার্থবিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান ও গণিত	i) পদার্থবিজ্ঞান ii) রসায়ন iii) জীববিজ্ঞান iv) গণিত
পদার্থবিজ্ঞান, রসায়ন এবং জীববিজ্ঞান/গণিত	i) পদার্থবিজ্ঞান ii) রসায়ন iii) জীববিজ্ঞান অথবা গণিত iv) বাংলা অথবা ইংরেজি
উচ্চ-মাধ্যমিকে যাদের গণিত ও জীববিজ্ঞান কোনটিই ছিল না	i) পদার্থবিজ্ঞান ii) রসায়ন iii) বাংলা iv) ইংরেজি

B **ইউনিট** ঃ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য) ii) ইংরেজি iii) সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা

C **ইউনিট** ঃ i) ইংরেজি ii) হিসাববিজ্ঞান এবং ব্যবসায় নীতি ও প্রয়োগ iii) বুদ্ধিমত্তা

D **ইউনিট** ঃ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য) ii) ইংরেজি iii) সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা

E **ইউনিট** ঃ i) বাংলা/এডভান্সড ইংরেজি (শুধুমাত্র জিসিই শাখার জন্য) ii) ইংরেজি iii) সাধারণ জ্ঞান ও বুদ্ধিমত্তা

খ) **ভর্তি পরীক্ষার প্রশ্নের ধরন** MCQ, **মোট নম্বর ৭২, সময় ১ ঘন্টা** । A ইউনিটের পরীক্ষার্থীদের চারটি বিষয়ের প্রতিটিতে ১৮টি করে মোট ৭২টি এবং B, C, D ও E ইউনিটের পরীক্ষার্থীকে তিনটি বিষয়ের প্রতিটিতে ২৪টি করে মোট ৭২টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১.০০। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

৬. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউট ও আসনসংখ্যা

A **ইউনিট :** পদার্থবিজ্ঞান-৮০টি, রসায়ন-৮০টি, গণিত-৮০টি, পরিসংখ্যান-৮০টি, প্রাণিবিদ্যা-৮০টি, উদ্ভিদবিজ্ঞান-৮০টি, ভূগোল ও পরিবেশ-৭২টি, মনোবিজ্ঞান-৬০টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-৫০টি, মাইক্রোবায়োলজি-৪০টি, ফার্মেসী-৩৫টি, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি-৩০টি, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি-৩০টি। মোট আসন সংখ্যা-৭৯৭টি।

B **ইউনিট :** বাংলা-৬০টি, ইংরেজি-৩৫টি, ইতিহাস-৬০টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-৬০টি, ইসলামিক স্টাডিজ-৬৭টি, দর্শন-৬২টি, আইন-২৫টি, ভূমি আইন ও ব্যবস্থাপনা-২০টি, শিক্ষা ও গবেষণা (বি.এড. সম্মান)-২৫টি, ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (বিএ অনার্স ইন ইংলিশ ল্যাংগুয়েজ)-২৪টি, অর্থনীতি-৩৫টি, রাষ্ট্রবিজ্ঞান-৪০টি, সমাজবিজ্ঞান-৬০টি, সমাজকর্ম-৬০টি, নৃবিজ্ঞান-৫০টি, গণযোগাযোগ ও সাংবাদিকতা-৫৫টি, লোকপ্রশাসন-৪০টি। মোট আসন সংখ্যা-৭৭৮টি।

C **ইউনিট :** একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্-১৪০টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-১৪০টি, মার্কেটিং-৯০টি, ফিন্যান্স-৯০টি, মোট আসন সংখ্যা-৪৬০টি।

D **ইউনিট :** অর্থনীতি-৪৫টি, রাষ্ট্রবিজ্ঞান-৪০টি, সমাজবিজ্ঞান-২০টি, সমাজকর্ম-২০টি, নৃবিজ্ঞান-৩০টি, গণযোগাযোগ ও সাংবাদিকতা-২৫টি, লোকপ্রশাসন-৪০টি, বাংলা-২০টি, ইংরেজি-৪৫টি, ইতিহাস-২০টি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২০টি, ইসলামিক স্টাডিজ-১৩টি, দর্শন-১৮টি, আইন-৫৫টি, ভূমি আইন ও ব্যবস্থাপনা-৪০টি, শিক্ষা ও গবেষণা (বি.এড. সম্মান)-২৫টি, ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (বিএ অনার্স ইন ইংলিশ ল্যাংগুয়েজ)-১৬টি, ভূগোল ও পরিবেশ-৮টি, মনোবিজ্ঞান-২০টি, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্-২০টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-২০টি, মার্কেটিং-১০টি, ফিন্যান্স-১০টি, মোট আসন সংখ্যা-৫৮০টি।

E **ইউনিট :** সংগীত-৪০টি, চারুকলা-৪০টি, নাট্যকলা-৪০টি, ফিল্ম এন্ড টেলিভিশন-৩০টি। মোট আসন সংখ্যা-১৫০টি।

সর্বমোট আসন সংখ্যা=২৭৬৫টি।

৭. **ভর্তি পরীক্ষার সময়সূচি**

ক্রম.	ইউনিট	তারিখ	বার	পরীক্ষার সময়
০১	C	১৫/৯/২০১৭	শুক্রবার	৩:০০টা থেকে ৪:০০টা
০২	E	১৬/৯/২০১৭	শনিবার	৩:০০টা থেকে ৪:০০টা
০৩	B	২২/৯/২০১৭	শুক্রবার	৩:০০টা থেকে ৪:০০টা
০৪	A	১৩/১০/২০১৭	শুক্রবার	৩:০০টা থেকে ৪:০০টা
০৫	D	২০/১০/২০১৭	শুক্রবার	৩:০০টা থেকে ৪:০০টা

- E ইউনিটের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষার তারিখ পরে জানানো হবে।

ভর্তির আবেদন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info)-এ পাওয়া যাবে।

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

৮. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে আসনসংখ্যা এবং ভর্তির শর্তাবলি

A ইউনিট (বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	পদার্থবিজ্ঞান	৮০	পদার্থবিজ্ঞান **B** এবং গণিত **B**
০২	রসায়ন	৮০	রসায়ন **B**, গণিত **B** এবং পদার্থবিজ্ঞান **B**
০৩	গণিত	৮০	গণিত **A-**
০৪	পরিসংখ্যান	৮০	গণিত **B**
০৫	প্রাণিবিদ্যা	৮০	জীববিজ্ঞান **B**
০৬	উদ্ভিদবিজ্ঞান	৮০	জীববিজ্ঞান **B** এবং রসায়ন **B**
০৭	ভূগোল ও পরিবেশ	৭২	প্রযোজ্য নয়
০৮	মনোবিজ্ঞান	৬০	
০৯	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৫০	পদার্থবিজ্ঞান **A+** এবং গণিত **A+**
১০	মাইক্রোবায়োলজি	৪০	জীববিজ্ঞান **A**, রসায়ন **A** এবং ইংরেজি **A**
১১	ফার্মেসী	৩৫	রসায়ন **A**, জীববিজ্ঞান **A**, গণিত **A** এবং ইংরেজি **A**
১২	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি	৩০	রসায়ন **A**, জীববিজ্ঞান/গণিত **A**, পদার্থবিজ্ঞান **A** এবং ইংরেজি **A**
১৩	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি	৩০	রসায়ন **A**, জীববিজ্ঞান **A** এবং ইংরেজি **A**
	মোট	৭৯৭	

B ইউনিট [কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এবং ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (আইএমএল]

ক্রম.	বিভাগ/ইনস্টিটিউট	মোট আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	বাংলা	৬০	বাংলা (২০০ নম্বরের পরীক্ষায়) **B**
০২	ইংরেজি	৩৫	বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) **B**
০৩	ইতিহাস	৬০	প্রযোজ্য নয়
০৪	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	৬০	
০৫	ইসলামিক স্টাডিজ	৬৭	
০৬	দর্শন	৬২	
০৭	আইন	২৫	i. বাংলা ও ইংরেজি ২০০ নম্বরের পরীক্ষায় **B** থাকতে হবে। ii. অর্থনীতি বিভাগে ভর্তির জন্য উচ্চ-মাধ্যমিকে গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান থাকতে হবে।
০৮	ভূমি আইন ও ব্যবস্থাপনা	২০	
০৯	শিক্ষা ও গবেষণা (বি.এড সম্মান)	২৫	
১০	ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (বিএ অনার্স ইন ইংলিশ ল্যাংগুয়েজ)	২৪	
১১	অর্থনীতি	৩৫	
১২	রাষ্ট্রবিজ্ঞান	৪০	
১৩	সমাজবিজ্ঞান	৬০	
১৪	সমাজকর্ম	৬০	
১৫	নৃবিজ্ঞান	৫০	
১৬	গণযোগাযোগ ও সাংবাদিকতা	৫৫	
১৭	লোকপ্রশাসন	৪০	
	মোট	৭৭৮	

C ইউনিট (ব্যবসায় শিক্ষা অনুষদ)

ক্রম.	বিভাগ	মোট আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্	১৪০	প্রযোজ্য নয়
০২	ম্যানেজমেন্ট স্টাডিজ	১৪০	
০৩	মার্কেটিং	৯০	
০৪	ফিন্যান্স	৯০	
	মোট	৪৬০	

D ইউনিট (শাখা পরিবর্তন)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন			উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
			মানবিক	বিজ্ঞান	বাণিজ্য ও অন্যান্য	
০১	অর্থনীতি	৪৫	-	৩০	১৫	i. বাংলা ও ইংরেজি ২০০ নম্বরের পরীক্ষায় A- (এ মাইনাস) থাকতে হবে। ii. অর্থনীতি বিভাগে ভর্তির জন্য উচ্চ-মাধ্যমিকে গণিত অথবা অর্থনীতি অথবা পরিসংখ্যান থাকতে হবে।
০২	রাষ্ট্রবিজ্ঞান	৪০	-	৩০	১০	
০৩	সমাজবিজ্ঞান	২০	-	১২	৮	
০৪	সমাজকর্ম	২০	-	১২	৮	
০৫	নৃবিজ্ঞান	৩০	-	২০	১০	
০৬	গণযোগাযোগ ও সাংবাদিকতা	২৫	-	১৫	১০	
০৭	লোকপ্রশাসন	৪০	-	২০	২০	
০৮	বাংলা	২০	-	১২	৮	
০৯	ইংরেজি	৪৫	-	৩০	১৫	
১০	ইতিহাস	২০	-	১২	৮	
১১	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	২০	-	১২	৮	
১২	ইসলামিক স্টাডিজ	১৩	-	১০	৩	
১৩	দর্শন	১৮	-	১০	৮	
১৪	আইন	৫৫	-	৩০	২৫	
১৫	ভূমি আইন ও ব্যবস্থাপনা	৪০	-	২০	২০	
১৬	শিক্ষা ও গবেষণা (বি.এড. সম্মান)	২৫	-	১৫	১০	
১৭	ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (বিএ অনার্স ইন ইংলিশ ল্যাংগুয়েজ)	১৬	-	৮	৮	
১৮	ভূগোল ও পরিবেশ	৮	৬	-	২	
১৯	মনোবিজ্ঞান	২০	১৫	-	৫	
২০	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস্	২০	৫	১৫		iii. বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য উচ্চ-মাধ্যমিকে গণিত অথবা অর্থনীতি থাকতে হবে।
২১	ম্যানেজমেন্ট স্টাডিজ	২০	৫	১৫		
২২	মার্কেটিং	১০	৩	৭		
২৩	ফিন্যান্স	১০	৩	৭		
	মোট	৫৮০	৩৭	৩৪২	২০১	

E ইউনিট (কলা অনুষদের অন্তর্ভুক্ত)

ক্রম.	বিভাগ	মোট আসন	শাখাভিত্তিক আসন	উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন লেটার গ্রেড
০১	সংগীত	৪০	সকল শাখার জন্য উন্মুক্ত।	প্রযোজ্য নয়
০২	চারুকলা	৪০		
০৩	নাট্যকলা	৪০		
০৪	ফিল্ম এন্ড টেলিভিশন	৩০		বাংলা ও ইংরেজি (২০০ নম্বরের পরীক্ষায়) B থাকতে হবে।
	মোট	১৫০		

৯. ভর্তি পরীক্ষার নম্বর বন্টন, মেধা তালিকা প্রণয়ন ও বিষয় মনোনয়ন পদ্ধতি

বিবরণ	নম্বর
লিখিত পরীক্ষা (MCQ)	৭২
এসএসসি (SSC)	১২
এইচএসসি (HSC)	১৬
মোট=	১০০

শর্ত পূরণ সাপেক্ষে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রতি ইউনিটে মেধাক্রমানুসারে আসন সংখ্যার ৫ গুণ শিক্ষার্থীর তালিকা প্রকাশ করা হবে এবং মেধাক্রমানুসারে ভর্তি করা হবে।

i) A ইউনিট : ভর্তি পরীক্ষায় প্রতি বিষয়ে কমপক্ষে ৬ পেতে হবে।

ii) B, C ও D ইউনিট : ভর্তি পরীক্ষায় প্রতি বিষয়ে কমপক্ষে ৮ নম্বর পেতে হবে। তবে ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজ (IML) ও ইংরেজি বিভাগে ভর্তির জন্য পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় ইংরেজি বিষয়ে কমপক্ষে ১২ নম্বর পেতে হবে।

iii) E ইউনিট : E ইউনিটে মেধা তালিকা অনুসারে আসন সংখ্যার সর্বোচ্চ ৫ (পাঁচ) গুণ শিক্ষার্থীর তালিকা প্রকাশ করা হবে। প্রকাশিত তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আরো ৫০ নম্বরের Performance Test/ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে। Performance Test/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে কমপক্ষে ১৬ নম্বর পেতে হবে। Performance Test/ব্যবহারিক পরীক্ষার পর সর্বমোট ১৫০ (১০০+৫০) নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করা হবে। **উল্লেখ্য, E ইউনিটে ভর্তি হওয়া শিক্ষার্থীরা কোনভাবেই বিভাগ পরিবর্তন করতে পারবে না।**

বিষয় মনোনয়ন পদ্ধতি

i) সকল ইউনিটের শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী মেধাক্রমানুসারে পৃথকভাবে বিষয় বরাদ্দ করে তালিকা প্রকাশ করা হবে। তালিকা অনুযায়ী শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট বিভাগে গিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ii)) শিক্ষার্থীদের বিষয় পছন্দক্রম অনুযায়ী মেধাক্রমানুসারে বিষয় বরাদ্দ তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট অনুষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

iii) কোন শিক্ষার্থী মনোনীত বিষয়ে ভর্তি না হলে পরবর্তী সময়ে অন্য কোন বিষয়েই ভর্তির সুযোগ পাবে না।

iv) সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রে এবং সনদ-এ প্রদত্ত নামের বানান একই রকম না হলে অথবা অন্য কোন রকম গরমিল থাকলে শিক্ষার্থীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।

১০. আসন পূরণ

ক) D ইউনিটের শাখা ভিত্তিক তালিকা থেকে মেধাক্রমানুসারে নির্ধারিত সংখ্যক আসন পৃথক ভাবে পূরণ করা হবে। কোন শাখায় যোগ্য শিক্ষার্থী পাওয়া না গেলে শর্তপূরণ সাপেক্ষে অন্য শাখা থেকে মেধাক্রমানুসারে শূন্য আসন পূরণ করা হবে।

খ) মনোনীত বিভাগে নোটিশে দেয়া নির্ধারিত সময়ের মধ্যেই ভর্তি হতে হবে। নির্ধারিত সময়ের পর শূন্য আসনে ভর্তির জন্য পরবর্তী তালিকা প্রকাশ করা হবে। **সেক্ষেত্রে পূর্ববর্তী তালিকার ভর্তি হতে না পারা শিক্ষার্থীর কোন আবেদন বিবেচনা করা হবে না।**

১১. মনোনয়ন প্রাপ্তির পর শিক্ষার্থীর করণীয়

ক) **প্রবেশপত্রে উল্লেখিত বিষয় পছন্দক্রম অনুযায়ী প্রাপ্ত বিষয়েই ভর্তি হতে হবে।**

খ) মনোনীত শিক্ষার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় অফিস থেকে 'পে-ইন স্লিপ' সংগ্রহ করতে হবে। 'পে-ইন স্লিপ' যথাযথভাবে পূরণপূর্বক তাতে উল্লেখিত টাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে জমা রশিদ নিয়ে বিভাগীয় অফিসে গিয়ে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

গ) মনোনীত বিভাগে শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে হবে। **অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।**

ঘ) আসন খালি ও যোগ্যতা থাকা সাপেক্ষে ভর্তিকৃত শিক্ষার্থীর প্রবেশপত্রে উল্লেখিত বিষয় পছন্দক্রম ও মেধাক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন/বিষয় পরিবর্তন হবে। পরবর্তী সময়ে মাইগ্রেশন সম্পর্কিত কোন আবেদন গৃহীত হবে না।

১২. ভর্তির সময় শিক্ষার্থীর করণীয়

ক) ভর্তির সময় শিক্ষার্থীদের নিম্নোক্ত কাগজপত্রগুলো মনোনয়ন প্রাপ্ত বিভাগে জমা দিতে হবে-

i. পরীক্ষার হলে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত **Admit Card**
ii. সম্প্রতি তোলা চার কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি
iii. মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক/সমমানের পরীক্ষার মূল সনদ ও নম্বরপত্র, উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ড এবং প্রতিটির একটি করে ফটোকপি (এইচএসসি/সমমানের সনদ সংগ্রহে না থাকলে নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি দিতে হবে এবং ফটোকপিগুলো সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক কর্তৃক সত্যায়িত হতে হবে)
iv. প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত এইচএসসি/সমমান পরীক্ষা পাশের প্রশংসাপত্রের ফটোকপি
v. মনোনয়ন প্রাপ্ত বিভাগ থেকে সংগৃহীত ও স্বহস্তে পূরণকৃত ভর্তি ফরম ও ভর্তি কার্ড।

খ) বিভাগীয় সেমিনার, বিবিধ ও অন্যান্য ফি (যা কেন্দ্রীয়ভাবে নির্ধারিত) জমা দিতে হবে।

গ) ক্লাশ রুটিন, সিলেবাস ও পরিচয়পত্র বিভাগ থেকে প্রদান করা হবে।

১৩. কোটায় ভর্তি

মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী, উপজাতি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারিবৃন্দের সন্তান/স্বামী/স্ত্রী পোষ্য (WARD) কোটায় আবেদন করতে পারবে। কোটার আওতায় ভর্তির জন্য আবেদন করলে, পোষ্য (WARD) কোটার ক্ষেত্রে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/রেজিস্ট্রার প্রদত্ত প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ, নাতি-নাতনি প্রমাণের জন্য পিতামহ/মাতামহের এস.এস.সি. পাশের সনদ এবং তাঁদের জাতীয় পরিচয়পত্র, উপজাতি বা আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব স্ব উপজাতি প্রধান এবং জেলা প্রশাসক প্রদত্ত সনদ, প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট বিভাগ/কর্তৃপক্ষ থেকে নিবন্ধন/প্রমাণপত্র অবশ্যই জমা দিতে হবে। খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (BKSP) থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে। এক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। ভর্তির ক্ষেত্রে ভর্তির ন্যূনতম যোগ্যতাসহ অন্যান্য শর্তাবলি পূরণ করতে হবে। কোটায় ভর্তির হার নিম্নরূপ :

(ক) মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার নাতি-নাতনি: ৫% (প্রথমে মুক্তিযোদ্ধার সন্তান ভর্তির সুযোগ পাবে। মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া না গেলে মুক্তিযোদ্ধার নাতি-নাতনি সুযোগ পাবে)

(খ) উপজাতি / প্রতিবন্ধী	: ১%
(গ) পোষ্য (WARD)	: ০.৫%
(ঘ) খেলোয়াড়	: সর্বোচ্চ ১০ জন, তবে কোন বিভাগে ০১(এক) জনের বেশি নয়।

অত্র নির্দেশিকার ক্রম ৩ (গ) অনুযায়ী কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের অবশ্যই আবেদনের সময় কোটা উল্লেখ করতে হবে। পরবর্তী সময়ে কোটায় অন্তর্ভুক্তির জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না।

১৪. বিবিধ

ক) ভর্তি প্রক্রিয়ার যে কোন স্তরে অনিয়ম/অযোগ্যতা/দুর্নীতি ধরা পড়লে ভর্তি বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

খ) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোন অভিযোগ প্রমাণিত হলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

গ) ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের ক্ষমতা কেন্দ্রীয় ভর্তি কমিটি সংরক্ষণ করে।

ঘ) ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info)-এ ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে।

....
(জিয়াদুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।

....
(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

....
(অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার)
ডীন, বিজ্ঞান অনুষদ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

....
(অধ্যাপক ড. সরকার আলী আক্কাস)
ডীন, আইন অনুষদ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

....
(অধ্যাপক ড. মনিরুজ্জামান)
ডীন, ব্যবসায় শিক্ষা অনুষদ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

....
(অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া)
ডীন, লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

....
(অধ্যাপক ড. প্রিয় ব্রত পাল)
ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

....
(অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম)
ডীন, কলা অনুষদ
ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।